গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ৫৭-৪ তারিখ ২৫/০৬/২৪

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ জাহাঙ্গীর আলম<br>মহাপরিচালক |
| তারিখ | : | ০৮.০৬.২০২৪ |
| সময় | : | সকাল ১১:৩০ টা |
| স্থান | : | নাটোর টিভি উপকেন্দ্র, নাটোর |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নাটোরের জেলা প্রশাসক জনাব আবু নাসের ভূইয়া, কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, নাটোর/রাজশাহী উপকেন্দ্র প্রধান, জেলা সংবাদ প্রতিনিধি, নাটোরের কেবল/ফিড অপারেটর, টেলিভিশন বিক্রেতা এবং আবাসিক হোটেলের প্রতিনিধি অংশগ্রহণ করেন। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রতিনিধিগণ তাদের পরিচয় প্রদান করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠায় নিজ নিজ অবস্থান থেকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানিয়ে বলেন, বিটিভির কার্যক্রম অংশীজনের সহায়তায় প্রচার করা হয়; গঠনমূলক কথা শোনার জন্যই মতবিনিময় সভা। তিনি আরো বলেন, সুশাসন প্রতিষ্ঠায় সর্বক্ষেত্রেই স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) অনুযায়ী দাপ্তরিক কর্মে শুদ্ধাচার প্রতিষ্ঠিত করতে হবে।

নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি ও সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকায় স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সেবা প্রদানে সরকারি কর্মকর্তাগণকে অনুপ্রাণিত করার মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। অনলাইন জিআরএস-এ নাগরিকদের নিকট হতে বিটিভিতে এ পর্যন্ত প্রাপ্ত ৩৯টি অভিযোগের কার্যক্রম গ্রহণপূর্বক নিষ্পত্তি করা হয়। সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য তথ্য অধিকার আইনের আওতায় সেবা গ্রহণকারী নাগরিকগণ আইনে নির্ধারিত তথ্যের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে পারেন। তথ্যটি আইন অনুযায়ী প্রদানযোগ্য হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেন অথবা অপারগতা জানাতে বাধ্য থাকবেন। তথ্য অধিকার আইনের আওতায় সেবা গ্রহণকারী নাগরিকগণের নিকট হতে মে ২০২৪ পর্যন্ত ০৪টি আবেদন পাওয়া যায় এবং তথ্য অধিকার আইনের আওতায় ০৪টি আবেদনের তথ্য সেবা গ্রহণকারী নাগরিকের নিকট প্রেরণ করা হয়েছে।

সংগীত শিল্পী জনাব আবুল হাসেম বলেন, বাংলাদেশ টেলিভিশন সরকারি প্রতিষ্ঠান। লোকজ ঐতিহ্য তুলে ধরে শিশুদের দিয়ে অনুষ্ঠান করানো এবং নাটোরের সংগীত প্রতিষ্ঠানের অনুষ্ঠান উপস্থাপন করা হলে স্থানীয় শিল্পীরা উৎসাহ পাবে।

কেবল অপারেটর জনাব আনিসুল ইসলাম বলেন, বিটিভির নিয়মনীতি মেনে কেবল/ফিড অপারেটরগণ কাজ করছেন। বিটিভির সম্প্রচারে ডিজিটাল এবং এনালগ দুটি সিস্টেম বিদ্যমান থাকায় বিভ্রান্তিতে পড়তে হয়। কেবল অপারেটরদের শতভাগ ডিজিটাল সেটআপ আছে; কিন্তু সরকারের গাইডলাইন চূড়ান্ত না হওয়ায় দ্বিধাদন্দ্বের মধ্যে থাকতে হয়। কেবল অপারেটর জনাব আজিজুল হক বাবু বলেন, লাইসেন্স প্রক্রিয়া অনুসরণ করে তিনি ব্যবসা করছেন। কিন্তু লাইসেন্স ছাড়াও কেউ কেউ ব্যবসা করছেন, এটি দেখা প্রয়োজন। কেবল অপারেটর জনাব রেজাউল করিম বলেন, তিনি লাইসেন্স নবায়ন করতে পারছেন না।

চলমান পাতা-০২

তিনি আরো বলেন, ফিড অপারেটর ও কেবল অপারেটরের মধ্যে পার্থক্য রয়েছে; দুটির খরচ ভিন্ন। তিনি লাইসেন্সের খরচ কমানোর জন্য বলেন এবং লাইসেন্স ব্যতীত ট্রেড লাইসেন্স দিয়ে যারা ব্যবসা করছেন তাদেরকে লাইসেন্সের আওতায় আনার অনুরোধ জানান। ইন্টারনেট লাইন নিয়ে যারা ডিসের ব্যবসা করছেন তা বন্ধ হওয়া দরকার।

টিভি বিক্রেতা জনাব শামীম আহসান বলেন প্রতিবছর ১টা সভা করলে ভাল হয়। অপরদিকে টিভি মেরামতকারী জনাব সুব্রত বলেন সবাই যেন লাইসেন্স নিয়ে ব্যবসা করে তা যেন নিশ্চিত করা হয়।

কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার জনাব জুলফিকার রহমান কোরাইশী বলেন সরকারি নিয়মনীতি অনুসরণ করে জেলা প্রশাসকের মতামতের ভিত্তিতে লাইসেন্স ইস্যু করা হয়। লাইসেন্স ফি সরকার নির্ধারণ করে বিধায় বিটিভি কর্তৃক লাইসেন্স ফি হ্রাস/বৃদ্ধি করার সুযোগ নেই। মেরামতকারী প্রতিষ্ঠানের লাইসেন্সের বাধ্যবাধকতা রয়েছে। তাদের নামের তালিকা প্রকাশ করে লাইসেন্সের আওতায় আনার ব্যবস্থা নেয়া হবে। তিনি ফিড সংযোগ দিয়ে বিনা লাইসেন্সে ব্যবসা করতে সহযোগিতা না করার জন্য কেবল অপারেটরদের অনুরোধ জানান।

সভাপতি বলেন, বিভিন্ন পর্যায়ের গুণীজন বিশিষ্ট ব্যক্তিবর্গ ও কেবল ব্যবসায়ী আমাদের সাথে সংশ্লিষ্ট রয়েছেন। স্থানীয় প্রতিনিধি থেকে কেন্দ্রীয় প্রতিনিধি, সরকারের উন্নয়ন ও তথ্য-উপাত্ত, জাতীয় দিবসের তাৎপর্য, মুক্তিযুদ্ধের চেতনা, স্বাস্থ্য তথ্য, কৃষি, শিক্ষা বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হয়। প্রতি জেলার শিল্প সংস্কৃতি তুলে ধরে স্থানীয় পর্যায়ের শিল্পীদের নিয়ে অনুষ্ঠান শুরু করা হবে। তিনি অংশীজন সকলের উপস্থিতির জন্য ধন্যবাদ জানান এবং মাঠ পর্যায়ের অংশীদার হয়ে বিটিভির সাথে থাকার/বিটিভির উন্নত বিকাশে সহায়তার প্রত্যাশা করেন।

০২। অত:পর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) বিটিভির সিটিজিন চার্টারে বর্ণিত সেবাসমূহ সেবা গ্রহীতাগণকে যথাযথভাবে প্রদান করতে হবে;

খ) তথ্য অধিকারের আওতায় প্রাপ্ত সেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের জন্য তথ্য প্রদানকারী কর্মকর্তাকে তৎপর হতে হবে;

গ) কেন্দ্র/উপকেন্দ্র প্রধানগণ তার এলাকায় বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানের পরিচ্ছন্ন ছবি যাতে দর্শকরা দেখতে পান তা নিশ্চিত করবেন এবং প্রয়োজনবোধে কেবল অপারেটর/গ্রাহকসহ এলাকার টিভি দর্শক নিয়ে সভা করবেন; ও

ঘ) টিভি মেরামতকারী প্রতিষ্ঠানের নামের তালিকা হালনাগাদ করে প্রকাশ করতে হবে।

০৩। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
ড. মোঃ জাহাঙ্গীর আলম
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.০০১.২৩. ১৬২৫/১

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ আষাঢ় ১৪৩১ / ১৩ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ/অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক ..................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাসন-২), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৮। উপকেন্দ্র প্রধান ..............................(সকল), বাংলাদেশ টেলিভিশন।
০৯। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। কার্যালয় নথি।

১৩.৬.২০২৪

(মোঃ নাজিম উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

| সিস্টেম এনালিস্ট | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| --- | --- |
| প্রোগ্রামার-১ | উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | কথা বলুন |
| পিএ | তাগিদ দিন |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

২৫/৬/২৪